# সাপ্তাহিক ম্যাগাজিন

পশ্চিমবঙ্গের No. 1 জব নিউজ পোর্টাল exambangla.com -এর একটি উদ্যোগ।


28 সেপ্টেম্বর, 2025 • 81 তম সংস্করণ • চাকরির খবর • শিক্ষার খবর • কারেন্ট অ্যাফেয়ার্স


## প্রাথমিকে নিয়োগ প্রক্রিয়া শুরু! শীঘ্রই হবে ফর্ম ফিলাপ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** রাজ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগের প্রস্তুতি শুরু হয়ে গেছে। সম্প্রতি প্রকাশিত হয়েছে ২০২৩ সালের TET পরীক্ষার ফলাফল। প্রায় ২১ মাস বিলম্বের পর এই ফল প্রকাশিত হলো। মোট ৩,০৯,০৫৪ জন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন। এর মধ্যে ৬,৭৫৪ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। ফল প্রকাশের পরেই নিয়োগ প্রক্রিয়া শুরুর জল্পনা শুরু হয়েছে। সূত্র মারফত জানা গেছে, দুর্গা পুজোর পরেই নিয়োগ শুরু হবে। WBBPE মোট ১৩,৪২১টি শূন্য পদের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগে প্রার্থীদের ৫০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন হবে। মাধ্যমিকের নম্বর থেকে থাকবে ৫ নম্বর। উচ্চমাধ্যমিকের নম্বর থেকে থাকবে ১০ নম্বর। D.El.Ed / B.Ed ট্রেনিং থেকে থাকবে ১৫ নম্বর। TET পরীক্ষার ফলাফল থেকে যুক্ত হবে ৫ নম্বর। Extra Curricular Activities থেকে থাকবে ৫ নম্বর। সাক্ষাৎকারে প্রাপ্ত নম্বর হবে ৫ এবং Aptitude Test-এ থাকবে ৫ নম্বর। প্যারা শিক্ষক ও কর্মরতদের ক্ষেত্রে এই নম্বর সরাসরি যোগ হবে। নিয়োগের সমস্ত তথ্য অফিসিয়ালি প্রকাশ করবে WBBPE। ফর্ম ফিলাপ শুরু হবে খুব শীঘ্রই, সম্ভাব্য সময় অক্টোবর মাসে। অফিসিয়াল ওয়েবসাইট: www.wbbpe.org। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

### ঐতিহ্যবাদী আধুনিকতার জনক : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

২৬শে সেপ্টেম্বর, ১৮২০ সালে মেদিনীপুর জেলার বিরসিংহ গ্রামে জন্ম নিয়েছিলেন ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়, যিনি আজ আমাদের কাছে বিদ্যাসাগর নামে অমর। তাঁর জন্মদিনে এ বছরের মূল ভাবনা—"নারীর সম্মান, শিক্ষায় বিদ্যাসাগরের প্রেরণা।" বিদ্যাসাগরের জীবন ছিল জ্ঞান, মানবতা ও সাহসিকতার প্রতীক। দারিদ্র্যের মধ্যে থেকেও অদম্য প্রচেষ্টায় তিনি সংস্কৃত কলেজ থেকে উচ্চশিক্ষা লাভ করেছিলেন। তাঁর বিদ্যাশক্তির কারণে তিনি পান "বিদ্যাসাগর" উপাধি। তিনি বিশ্বাস করতেন, সমাজের উন্নতি হবে নারীর শিক্ষা ও স্বাধীনতায়। তাই তিনি বেথুন স্কুলের সঙ্গে যুক্ত থেকে মেয়েদের শিক্ষার প্রসারে অগ্রণী ভূমিকা নেন। ১৮৫৬ সালে তাঁর অক্লান্ত প্রচেষ্টায় পাশ হয় বিধবা বিবাহ আইন, যা নারীর জীবনকে নতুন মর্যাদা দেয়। কলকাতার ৪৮এ কৈলাস বসু স্ট্রিটে অনুষ্ঠিত প্রথম বিধবা বিবাহ তাঁর সংগ্রামের জয়যাত্রার প্রতীক। শুধু তাই নয়, তিনি বাংলা গদ্যকে সহজ-সরল রূপ দিয়ে সাধারণ মানুষের কাছে সাহিত্যকে বোধগম্য করে তোলেন, এজন্য তিনি "বাংলা গদ্যের জনক" নামে পরিচিত। সংস্কৃত কলেজের অধ্যক্ষ হিসেবে ইংরেজি, বিজ্ঞান ও গণিতকে পাঠ্যক্রমে যুক্ত করেন, নিম্নবর্ণের ছাত্রদের জন্য শিক্ষার দরজা খুলে দেন। তিনি সমাজের কুসংস্কার যেমন বহুবিবাহ ও অল্পবয়সে বিয়ের বিরুদ্ধে কঠোর লড়াই করেছিলেন। জীবনের শেষ ভাগে সাঁওতাল এলাকায় স্কুল ও বিনামূল্যে চিকিৎসাকেন্দ্র গড়ে তুলে মানুষের পাশে দাঁড়িয়েছিলেন। বিদ্যাসাগরের অবদান শুধু শিক্ষায় নয়, নারী-পুরুষ সমতার ক্ষেত্রেও এক বিপ্লব। তাঁর জন্মজয়ন্তীতে আমরা তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি এবং প্রতিজ্ঞা করি তাঁর দেখানো পথে সমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার।



### কারেন্ট অ্যাফেয়ার্স

- গৌরাঙ্গলাল দাস যে দেশে ভারতের রাষ্ট্রদূত হয়ে নিযুক্ত হয়েছেন, সেটি হল- দক্ষিণ কোরিয়া।
- বিহারের প্রথম মহিলা FIDE মাস্টার হলেন- মরিয়ম ফাতিমা।
- বিশ্বমানের ব্লু পোর্ট নির্মাণের জন্য ভারত যে আন্তর্জাতিক সংস্থার সাথে অংশীদারিত্ব করেছে সেটি হল- FAO. FAO -এর সম্পূর্ণ রূপ হল Food and Agriculture Organization. (1945 সালে এই সংস্থা প্রতিষ্ঠিত হয়েছিল এবং এর সদর দপ্তর রোম শহরে অবস্থিত)
- সম্প্রতি রাজস্থানের নাগপুর জেলায় বিশাল মজুদ পাওয়া গেছে- লিথিয়ামের। (বর্তমানে, প্রায় 70-80% লিথিয়াম চীন থেকে আমদানি করা হয়।)
- পশ্চিম এশিয়ায় সর্ববৃহৎ যৌথ সামরিক মহড়া অনুষ্ঠিত হয়েছে- মার্কিন যুক্তরাষ্ট্র এবং সৌদি আরবের মধ্যে।
- মার্কিন যুক্তরাষ্ট্রের FDA থেকে জেনেরিক ক্যান্সারের ওষুধের জন্য অনুমোদন পেয়েছে- ভারতের Lupin ফার্মা কোম্পানি।
- দাদাসাহেব ফালকে পুরস্কার 2025 পেয়েছেন- মোহনলাল।

# ৭৫০০ শূন্য পদে কনস্টেবল নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** স্টাফ সিলেকশন কমিশন (SSC) দিল্লি পুলিশে মোট ৭৫৬৫ জন কনস্টেবল পদে (পুরুষ ও মহিলা) নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই বিশাল নিয়োগে দেশজুড়ে প্রার্থীরা আবেদন করতে পারবেন। নির্বাচিত প্রার্থীরা বেতন ক্রম ৩ অনুসারে মাসিক ২১,৭০৯ টাকা থেকে সর্বাধিক ৬৯,১০০ টাকা পর্যন্ত বেতন পাবেন। আবেদন করার জন্য প্রার্থীর বয়স ০১ জুলাই ২০২৫ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ, যাঁদের জন্ম তারিখ ০২/০৭/২০০০ থেকে ০১/০৭/২০০৭-এর মধ্যে, তাঁরা আবেদন করতে পারবেন। তবে সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা বয়সে ছাড় পাবেন। শিক্ষাগত যোগ্যতায় প্রয়োজন স্বীকৃত বোর্ড থেকে ১০+২ পাশ। তবে দিল্লি পুলিশের কর্মরত ব্যক্তির সন্তান হলে একাদশ শ্রেণী পাশ করলেই আবেদন করা যাবে। পুরুষ প্রার্থীদের অবশ্যই মোটরসাইকেল বা গাড়ি চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এছাড়া যাঁদের কাছে NCC A/B/C সার্টিফিকেট রয়েছে, তাঁরা লিখিত পরীক্ষায় অতিরিক্ত নম্বর পাবেন। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# WBPDCL-এ বিপুল নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** পশ্চিমবঙ্গ পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (WBPDCL) রাজ্যের চাকরিপ্রার্থীদের জন্য একাধিক শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে ২২ সেপ্টেম্বর ২০২৫ থেকে এবং চলবে ১৩ অক্টোবর ২০২৫ পর্যন্ত। অফিসিয়াল ওয়েবসাইট www.wbpdcl.co.in থেকে অনলাইনে আবেদন করা যাবে। এই নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মেকানিক্যাল ৪৮, ইলেকট্রিক্যাল ৩৭, ইন্সট্রুমেন্টেশন ৩৭, সিভিল ৯, এইচআর ১৭, আইটি ১৯), সেফটি অফিসার ২, ও অ্যান্ড এম সুপারভাইজার (মেকানিক্যাল ১৪, ইলেকট্রিক্যাল ৬), সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল ১৮), কেমিস্ট ২৫, ড্রাফটসম্যান ২, অফিস এক্সিকিউটিভ ৪০, লাইব্রেরিয়ান ২, অপারেটর/টেকনিশিয়ান (ফিটার ১৪০, ইলেকট্রিশিয়ান ৬০) এবং সহকারী শিক্ষক (বিভিন্ন বিষয় মিলিয়ে ২৩) পদে কর্মী নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী ইঞ্জিনিয়ারিং-এ বি.ই./বি.টেক./এম.টেক., ডিপ্লোমা, আইটিআই সার্টিফিকেট, স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি প্রয়োজন। বেতন স্কেল পদভেদে ২৩,৪০০ টাকা থেকে ৫৬,১০০ টাকা পর্যন্ত নির্ধারিত। আবেদন ফি সাধারণ/ইডব্লিউএস/ওবিসি প্রার্থীদের জন্য ১০০০ টাকা, তবে এসসি, এসটি, ইসি, পিডব্লিউডি ও WBPDCL-এর কর্মীদের কোনো ফি নেই। নির্বাচনের ক্ষেত্রে অধিকাংশ পদে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও সাক্ষাৎকার হবে, অফিস এক্সিকিউটিভের জন্য কম্পিউটার দক্ষতা পরীক্ষা এবং সহকারী শিক্ষকের জন্য শ্রেণি প্রদর্শনী পরীক্ষাও নেওয়া হবে। সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে কলকাতায়। বয়সসীমা সাধারণ প্রার্থীদের জন্য সর্বোচ্চ ৩২ বছর, সংরক্ষিত শ্রেণির জন্য সরকারি নিয়ম অনুযায়ী ছাড় প্রযোজ্য। বিস্তারিত সিলেবাস ও ক্যাটাগরি অনুযায়ী শূন্যপদের তথ্য অফিসিয়াল বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।




## কারেন্ট অ্যাফেয়ার্স

- সংবিধানের অষ্টম তফসিলে কুদমালি ভাষা অন্তর্ভুক্ত করার দাবি জানাচ্ছে- ঝাড়খণ্ডের কুদমি সম্প্রদায়।
- H-1B ভিসার নিয়ম কঠোর করার সিদ্ধান্ত নিয়েছে- আমেরিকা।
- নতুন জিএসটি নিয়ম কার্যকর হয়েছে- 22 সেপ্টেম্বর 2025 তারিখ থেকে।
- মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের পরিচয়পত্র প্রদানকারী প্রথম রাজ্য হল- তামিলনাড়ু।
- IMF -এর প্রথম ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসেবে নিযুক্ত হয়েছেন- ড্যানিয়েল কাটজ।
- সম্প্রতি কে-ভিসা চালু করার ঘোষণা করেছে- চীন।
- 2025 সালের ভারত আন্তর্জাতিক ধান সম্মেলন (BIRC) অনুষ্ঠিত হবে- নিউ দিল্লি।
- 2025 সালের স্পিড স্কেটিং ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে 42 কিলোমিটার ম্যারাথন ইভেন্টে স্বর্ণ পদক জিতেছেন- আনন্দকুমার ভেলকুমার।
- 2026 সালের অস্কারে জন্য ভারতীয় যে ছবিটি অফিসিয়াল এন্ট্রি পেয়েছে, সেটি
- হল- হোমবাউন্ড (Homebound)। (ভানু আথাইয়া হলেন প্রথম ভারতীয় যিনি অস্কার পেয়েছিলেন)
- এশিয়ার বৃহত্তম রেল অপারেশনস কমান্ড সেন্টার প্রতিষ্ঠিত হয়েছে- সবরমতি।
- 2025 সালের ICC মহিলা ক্রিকেট বিশ্বকাপের অফিসিয়াল গান হল- Bring It Home. গানটি গেয়েছেন ভারতীয় বিখ্যাত সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল।
- 2025 সালের ব্যালন ডি'অরের পুরুষ বিজয়ী হলেন- উসমান ডেম্বেলে।

# রাষ্ট্রায়ত্ত ব্যাংকে চাকরির সুযোগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** পাঞ্জাব এন্ড সিন্দ ব্যাঙ্ক সম্প্রতি ক্রেডিট ম্যানেজার এবং এগ্রিকালচার ম্যানেজার পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। ক্রেডিট ম্যানেজারের জন্য মোট ১৩০ শূন্যপদ এবং এগ্রিকালচার ম্যানেজারের জন্য ৬০ শূন্যপদ রয়েছে। ক্রেডিট ম্যানেজারের ক্ষেত্রে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা সিএ/ সিএমএ/ সিএফএ/ এমবিএ (ফাইন্যান্স) প্রয়োজন, পাশাপাশি শাখা ব্যবস্থাপনা, ঋণ পরিচালনা এবং গ্রাহক সম্পর্কের ক্ষেত্রে ন্যূনতম তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এগ্রিকালচার ম্যানেজারের জন্য কৃষি,

হর্টিকালচার, ভেটেরিনারি, ফরেস্ট্রি, এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি এবং তফসিলি বাণিজ্যিক ব্যাংকে তিন বছরের অভিজ্ঞতা প্রয়োজন। উভয় পদের জন্য আবেদনকারীর বয়স ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে, সংরক্ষিত শ্রেণীর প্রার্থীদের সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় দেওয়া হবে। আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ অনলাইনে, ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইট www.punjabandsindbank.co.in -এর মাধ্যমে করা যাবে এবং অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণযোগ্য নয়। আবেদন মূল্য সাধারণ, ইডব্লিউএস ও ওবিসি প্রার্থীদের জন্য ৮৫০ টাকা, এবং এসসি, এসটি, পিডব্লিউডি প্রার্থীদের জন্য ১০০ টাকা + ট্যাক্স। নির্বাচনের ধাপগুলো হল লিখিত পরীক্ষা, স্ক্রিনিং, ব্যক্তিগত সাক্ষাৎকার এবং চূড়ান্ত মেধা তালিকা। লিখিত পরীক্ষার সিলেবাসে ইংরেজি ভাষা ২০ নম্বর, সাধারণ জ্ঞান ২০ নম্বর এবং প্রফেশনাল নলেজ ৬০ নম্বর। যোগ্য প্রার্থীদের জন্য এটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকে নিরাপদ ও মর্যাদাপূর্ণ চাকরির এক সুবর্ণ সুযোগ। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# কানাড়া ব্যাংকে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কানাড়া ব্যাঙ্ক সম্প্রতি ৩৫০০ শূন্যপদে শিক্ষানবিশ নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের জন্য প্রার্থীদের বয়স ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে এবং জন্ম তারিখ ০১.০৯.১৯৯৭ থেকে ০১.০৯.২০০৫-এর মধ্যে হতে হবে। সরকারি নিয়ম অনুযায়ী সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। শিক্ষাগত যোগ্যতার জন্য ভারত সরকার কর্তৃক স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি থাকতে হবে এবং প্রার্থীরা ০১.০১.২০২২ থেকে ০১.০৯.২০২৫-এর মধ্যে স্নাতক পাস হতে হবে। শিক্ষানবিশ প্রশিক্ষণের সময়কাল ১২ মাস এবং প্রতি মাসে প্রার্থীরা ১৫,০০০ টাকা ভাতা পাবেন, যার মধ্যে ১০,৫০০ টাকা ব্যাঙ্ক থেকে এবং ৪,৫০০ টাকা সরকারি উপবৃত্তি হিসেবে সরাসরি অ্যাকাউন্টে জমা হবে। শিক্ষানবিশরা একবারে সর্বোচ্চ ৪টি নৈমিত্তিক ছুটি নিতে পারবেন। প্রশিক্ষণ সমাপ্তির পর প্রার্থীদের NATS-যৌথ সার্টিফিকেশন দেওয়া হবে। আবেদন করতে হলে প্রথমে প্রার্থীদের NATS পোর্টালে www.nats.education.gov.in রেজিস্ট্রেশন করতে হবে এবং তারপর সম্পূর্ণ প্রোফাইলসহ অনলাইনে www.canarabank.bank.in -এ আবেদন করতে হবে। আবেদন ফি সাধারণ প্রার্থীদের জন্য ৫০০ টাকা, তবে এসসি, এসটি ও পিডব্লিউডি প্রার্থীরা ফ্রি। প্রার্থীদের সংক্ষিপ্ত তালিকাভুক্ত করার জন্য যোগ্যতা যাচাই, অনলাইনে প্রদত্ত তথ্য, স্থানীয় ভাষার পরীক্ষা এবং মেডিক্যাল ফিটনেস বিবেচনা করা হবে। স্থানীয় ভাষার জ্ঞান প্রমাণিত প্রার্থীদের স্থানীয় ভাষার পরীক্ষা দিতে হবে না। উল্লেখযোগ্যভাবে, শূন্যপদের সংখ্যা বিপুল হওয়ায় বিভিন্ন রাজ্য ও ক্যাটাগরির প্রার্থীদের জন্য পদ, আবেদনের প্রক্রিয়া এবং প্রয়োজনীয় নথি সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য অফিসিয়াল নোটিশ দেখার পরামর্শ দেওয়া হয়েছে। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

## বিশ্ব পর্যটন দিবস 2025

প্রতি বছর ২৭শে সেপ্টেম্বর বিশ্বজুড়ে পালিত হয় বিশ্ব পর্যটন দিবস। ১৯৮০ সাল থেকে জাতিসংঘের বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) এই দিনটিকে আন্তর্জাতিকভাবে পালন করে আসছে। কারণ ১৯৭০ সালের এই দিনে গৃহীত হয়েছিল সংস্থার সংবিধান, যা বিশ্ব পর্যটনের ইতিহাসে গুরুত্বপূর্ণ মাইলফলক। এ বছর ২০২৫-এর বিশ্ব পর্যটন দিবস মালয়েশিয়ার ঐতিহাসিক শহর মেলাকায় উদযাপিত হচ্ছে। এ বছরের থিম হলো—"Tourism and Sustainable Transformation" বা "পর্যটন ও টেকসই রূপান্তর"। এই থিম আমাদের মনে করিয়ে দেয় যে পর্যটন শুধু ভ্রমণ বা আয় বৃদ্ধির মাধ্যম নয়, বরং সমাজ, সংস্কৃতি ও পরিবেশের সঙ্গে ভারসাম্য রক্ষার একটি শক্তিশালী হাতিয়ার। বিশ্ব পর্যটন দিবসের সূচনা করেছিলেন নাইজেরিয়ার ইগনেশিয়াস আমাডুওয়া অ্যাটিগবি, যিনি ২০০৯ সালে আনুষ্ঠানিক স্বীকৃতি পান। দিনটির প্রতীকী রঙ নীল, যা শান্তি ও ঐক্যের প্রতীক। প্রতিবছর ভিন্ন ভিন্ন দেশকে আয়োজক দেশ হিসেবে বেছে নেওয়া হয়—যেমন ২০১৯ সালে ভারতের থিম ছিল "Tourism and Jobs: A Better Future for All", ২০২৩ সালে সৌদি আরবের থিম ছিল "Tourism and Green Investments" এবং ২০২৪ সালে জর্জিয়ার থিম ছিল "Tourism and Peace"। ইতিহাস প্রমাণ করে, পর্যটন বিশ্বকে কাছাকাছি আনে, সংস্কৃতির বিনিময় ঘটায়, কর্মসংস্থান তৈরি করে এবং টেকসই উন্নয়নের পথ দেখায়। জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত সংকটের সময়ে পর্যটন খাত যদি টেকসইভাবে পরিচালিত হয়, তবে তা ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সবুজ, সুস্থ ও সুন্দর পৃথিবী গড়ে তুলতে সাহায্য করবে। তাই এ বছরের বিশ্ব পর্যটন দিবসের বার্তা হলো—পর্যটনকে শুধু আনন্দ বা অর্থনীতির চোখে নয়, টেকসই রূপান্তরের চালিকাশক্তি হিসেবে দেখতে হবে।

# রাজ্যের প্রাইমারি স্কুলে বিপুল কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ প্রাইমারি এডুকেশন (WBBPE) সম্প্রতি ১৩,৪২১ শূন্যপদে অ্যাসিস্ট্যান্ট টিচার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পদে নিয়োগ প্রক্রিয়া রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষকতার সুবর্ণ সুযোগ এনে দিচ্ছে। নিয়োগের জন্য প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা হিসেবে উচ্চ মাধ্যমিক পাস সহ ২ বছরের ডি.এল.এড, অথবা ৪৫–৫০ শতাংশ নম্বরসহ উচ্চ মাধ্যমিক পাস এবং ২ বছরের ডি.এল.এড বা ৪ বছরের বি.এল.এড থাকতে হবে। এছাড়াও, ২ বছরের ডিপ্লোমা ইন স্পেশাল এডুকেশন বা স্নাতক ডিগ্রিসহ ২ বছরের ডি.এল.এড থাকলে আবেদনযোগ্য। প্রার্থীদের টিচার এলিজিবিলিটি টেস্ট (TET) পাশ করা থাকতে হবে। বয়সসীমা ১ জানুয়ারি ২০২৫ অনুযায়ী ১৮ থেকে ৪০ বছরের মধ্যে, তবে এসসি, এসটি, ওবিসি (এ ও বি), পিডব্লিউডি, এক্স-সার্ভিসম্যান ও প্যারা টিচারদের সরকারি নিয়ম অনুযায়ী ছাড় থাকবে। নির্বাচনের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ফলাফল, প্রশিক্ষণ, টিচার এলিজিবিলিটি টেস্ট, এক্সট্রা-কারিকুলার, ইন্টারভিউ ও এপ্টিটিউড টেস্ট মিলিয়ে সর্বোচ্চ ৫০ নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। আবেদনমূল্য সাধারণ প্রার্থীদের জন্য ৬০০ টাকা, ওবিসি (এ ও বি) প্রার্থীদের ৫০০ টাকা, এবং এসসি, এসটি, ইডব্লিউএস ও পিডব্লিউডি প্রার্থীদের ৩০০ টাকা। নিয়োগে সংরক্ষণ কোটা পশ্চিমবঙ্গ সরকারের নিয়ম অনুযায়ী প্রযোজ্য হবে। আবেদন পোর্টাল খোলার সময়সূচী ও অনলাইনে আবেদনপত্র জমার বিস্তারিত তথ্য পরে জানানো হবে। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# ৭২৬৭ শূন্য পদে কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** সম্প্রতি উপজাতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ ন্যাশনাল এডুকেশন সোসাইটি ফর ট্রাইবাল স্টুডেন্টস (NESTS) একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ে (EMRS) মোট ৭২৬৭টি শূন্যপদে শিক্ষক ও অশিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগ প্রক্রিয়া পরিচালিত হবে EMRS স্টাফ সিলেকশন পরীক্ষা (ESSE)-২০২৫-এর মাধ্যমে। শূন্যপদের মধ্যে রয়েছে প্রিন্সিপাল ২২৫, পিজিটি ১৪৬০, টিজিটি ৩৯৫২, মহিলা স্টাফ নার্স ৫৫০, হোস্টেল ওয়ার্ডেন ৬৩৫, অ্যাকাউন্ট্যান্ট ৬১১, জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট ২২৮ এবং ল্যাব অ্যাটেনডেন্ট ১৪৬ পদ। আবেদন করতে হবে সম্পূর্ণ অনলাইনে এবং অন্য কোনো পদ্ধতিতে আবেদন গ্রহণ করা হবে না। প্রার্থীদের NESTS-এর অফিসিয়াল ওয়েবসাইটে বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করে আবেদন জমা দিতে হবে। প্রয়োজনীয় নথি যেমন ছবি, স্বাক্ষর, শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র এবং প্রযোজ্য হলে জাতি বা প্রতিবন্ধকতার সার্টিফিকেট নির্দিষ্ট ফর্ম্যাটে আপলোড করতে হবে।বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। নিয়োগ প্রক্রিয়ায় তিনটি ধাপ থাকবে—টায়ার-১ ওএমআর ভিত্তিক লিখিত পরীক্ষা (MCQ), টায়ার-২ ডেসক্রিপটিভ ও এমসিকিউ পরীক্ষা, এবং টায়ার-৩-এ কিছু পদের জন্য দক্ষতা পরীক্ষা, প্রদর্শনী পরীক্ষা বা সাক্ষাৎকার নেওয়া হবে। প্রিন্সিপাল পদে বিশেষভাবে সাক্ষাৎকার আবশ্যক। প্রতিটি সঠিক উত্তরে ১ নম্বর দেওয়া হবে এবং ভুল উত্তরের জন্য ⅓ নম্বর কাটা হবে। বেতনক্রম পদভেদে ১৮,০০০ টাকা থেকে সর্বাধিক ২,০৯,২০০ টাকা পর্যন্ত। আবেদন ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে প্রিন্সিপাল ২৫০০ টাকা, পিজিটি/টিজিটি ২০০০ টাকা, নন-টিচিং ১৫০০ টাকা। তবে মহিলা, এসসি, এসটি ও পিডব্লিউডি প্রার্থীদের ক্ষেত্রে সব পদের জন্য আবেদন ফি মাত্র ৫০০ টাকা। আবেদনের শেষ তারিখ ২৩ অক্টোবর ২০২৫। প্রিন্সিপাল থেকে শুরু করে টিজিটি, পিজিটি ও অন্যান্য স্টাফ পর্যন্ত এই বিশাল নিয়োগের ফলে যোগ্য প্রার্থীদের জন্য কেন্দ্রীয় বিদ্যালয়ে চাকরির সুবর্ণ সুযোগ তৈরি হয়েছে।

## BEL-এ ট্রেনি ইঞ্জিনিয়ার নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ভারতের শীর্ষস্থানীয় নবরত্ন কোম্পানি ভারত ইলেকট্রনিক্স লিমিটেড (BEL) সম্প্রতি বিপুল সংখ্যক শূন্যপদে ট্রেনি ইঞ্জিনিয়ার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগ প্রক্রিয়ায় মোট ৪৮৮টি শূন্যপদ পূরণ হবে, যার মধ্যে ইলেকট্রনিক্সে ৩০১টি, মেকানিক্যালে ১৮৬টি, কম্পিউটার সায়েন্সে ৪৪টি এবং ইলেকট্রিক্যালে ৭৯টি পদ রয়েছে। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিকভাবে বেঙ্গালুরুতে পোস্টিং দেওয়া হবে, তবে প্রয়োজনে সারা দেশে ডেপুটেশন করা হতে পারে। আবেদন করতে হলে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রাসঙ্গিক বিষয়ে বি.ই./বি.টেক/বি.এসসি (৪ বছরের কোর্স) ডিগ্রি থাকতে হবে এবং ১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বয়স হতে হবে সর্বোচ্চ ২৮ বছর। সরকারি নিয়ম অনুযায়ী সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। নির্বাচিত প্রার্থীরা দুই বছরের জন্য নিয়োগ পাবেন এবং প্রয়োজনে আরও এক বছরের জন্য বাড়ানো যেতে পারে। বেতনক্রম হিসেবে প্রথম বছরে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে ৩৫,০০০ টাকা এবং তৃতীয় বছরে ৪০,০০০ টাকা দেওয়া হবে। এর পাশাপাশি ভাতা হিসেবে বছরে ১২,০০০ টাকা প্রদান করা হবে। প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে jobapply.in/BEL2025BNGComplex লিঙ্কের মাধ্যমে, আবেদন প্রক্রিয়া ২৪ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে চলবে ৭ অক্টোবর ২০২৫ পর্যন্ত। আবেদন ফি সাধারণ, ওবিসি এবং ইডব্লিউএস প্রার্থীদের জন্য ১৭৭ টাকা, তবে এসসি, এসটি ও পিডব্লিউডি প্রার্থীদের কোনো ফি দিতে হবে না। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে বেঙ্গালুরুতে—ইলেকট্রনিক্স ও মেকানিক্যাল শাখার জন্য ২৫ অক্টোবর এবং কম্পিউটার সায়েন্স ও ইলেকট্রিক্যাল শাখার জন্য ২৬ অক্টোবর ২০২৫। প্রার্থীদের কল লেটার ই-মেইল বা মেইলে পাঠানো হবে না, তা BEL-এর অফিসিয়াল ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে। যোগ্য ইঞ্জিনিয়ারিং স্নাতকদের জন্য এটি এক সুবর্ণ সুযোগ, যেখানে দেশের প্রতিরক্ষা ও গবেষণাক্ষেত্রে কাজের পাশাপাশি আকর্ষণীয় বেতন এবং ভাতা পাওয়ার সুযোগ রয়েছে।






## HBCH & RC-তে ইন্টারভিউয়ের মাধ্যমে চাকরি

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** মুজাফফরপুরের উমানগরে অবস্থিত হোমি ভাবা ক্যান্সার হাসপাতাল ও গবেষণা কেন্দ্র (HBCH & RC) সম্প্রতি বিভিন্ন পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রার্থীদের সরাসরি ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে নিয়োগ করা হবে। বিজ্ঞপ্তি অনুসারে প্রশাসনিক কর্মকর্তা থেকে শুরু করে কুক পদ পর্যন্ত মোট ৮টি শূন্যপদ পূরণ করা হবে। অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (HRD) পদে আবেদন করতে হলে স্নাতক ডিগ্রির সঙ্গে প্রশাসনিক কাজে কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি পাবলিক রিলেশন অফিসার, হাউসকিপিং সুপারভাইজার, ক্লার্ক কাম টেলিফোন অপারেটর, কিচেন সুপারভাইজার এবং কুক পদে যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারবেন।

বেতনক্রম ২৩,২১৮ টাকা থেকে শুরু করে সর্বোচ্চ ৩০,০০০ টাকা পর্যন্ত নির্ধারিত। ন্যূনতম যোগ্যতার মধ্যে ১০ম শ্রেণী উত্তীর্ণ থেকে স্নাতক ডিগ্রি পর্যন্ত শিক্ষাগত মান্যতা ধরা হয়েছে এবং অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ইন্টারভিউ চলবে ৩০ সেপ্টেম্বর থেকে ১০ অক্টোবর ২০২৫-এর মধ্যে, প্রতিটি পদের জন্য আলাদা তারিখ ধার্য করা হয়েছে। আবেদনকারীদের বায়ো-ডাটা, ছবি, আধার ও প্যান কার্ড সহ প্রয়োজনীয় শিক্ষাগত এবং অভিজ্ঞতার নথির মূল কপি ও স্ব-প্রত্যয়িত ফটোকপি সঙ্গে আনতে হবে। উল্লেখযোগ্যভাবে, প্রার্থীর সংখ্যা বেশি হলে প্রথমে এমসিকিউ পরীক্ষা নেওয়া হবে এবং যোগ্যদের পরবর্তী পর্যায়ে ডাকা হবে। সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে শ্রীকৃষ্ণ মেডিকেল কলেজ ও হাসপাতাল ক্যাম্পাসে। চাকরিপ্রার্থীদের জন্য এটি সরকারি হাসপাতালে কাজের এক অনন্য সুযোগ, যেখানে অভিজ্ঞতা ও যোগ্যতার ভিত্তিতে উচ্চতর বেতনও পাওয়া সম্ভব। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশনে অনুবাদক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কলকাতার সল্টলেকে অবস্থিত রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশন (RRRLF) সম্প্রতি হিন্দি ট্রান্সলেটর পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। দেশের অন্যতম প্রধান এই প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে পাঠাগার ও গবেষণার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিজ্ঞপ্তি অনুসারে এই পদটি গ্রুপ 'বি' পর্যায়ের এবং নির্বাচিত প্রার্থীরা লেভেল-৬ বেতনক্রম অনুযায়ী মাসিক ৩৫,০০০ টাকা থেকে সর্বোচ্চ ১,১২,৪০০ টাকা পর্যন্ত বেতন পাবেন। আবেদনকারীর বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তবে সরকারি নিয়ম অনুযায়ী এসসি, এসটি, ওবিসি শ্রেণীর প্রার্থীরা এবং কেন্দ্রীয় সরকারি কর্মীরা নির্দিষ্ট ক্ষেত্রে বয়সের ছাড়ের সুবিধা পাবেন। শিক্ষাগত যোগ্যতার মধ্যে যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হিন্দি বা ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে, যেখানে ডিগ্রি স্তরে হিন্দি বা ইংরেজি প্রধান বিষয় থাকবে। এছাড়াও হিন্দি থেকে ইংরেজিতে অনুবাদ এবং তদ্বিপরীতে অনুবাদ বিষয়ে স্বীকৃত ডিপ্লোমা সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। সরকারি বা বেসরকারি অফিসে অনুবাদ কাজে ন্যূনতম দুই বছরের অভিজ্ঞতা থাকলে তা বিশেষ যোগ্যতা হিসেবে গণ্য হবে। আবেদনকারীদের নির্দিষ্ট প্রফর্মায় (Annexure-1) আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় সনদপত্রের স্ব-প্রত্যয়িত কপিসহ মহাপরিচালক, রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশন, ব্লক-DD-34, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪ ঠিকানায় পাঠাতে হবে। খামের উপরে অবশ্যই "হিন্দি ট্রান্সলেটর" পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্র এমপ্লয়মেন্ট নিউজে বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে জমা দিতে হবে। উল্লেখযোগ্যভাবে, এই পদে নিযুক্ত প্রার্থীরা মূল বেতনের পাশাপাশি কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী ভাতা পাবেন। আবেদনকারীরা rrrlf.gov.in ওয়েবসাইট থেকে আবেদনপত্র ডাউনলোড করতে পারবেন। তাই যোগ্য প্রার্থীদের জন্য এটি একটি দারুণ সুযোগ, যেখানে সরকারি প্রতিষ্ঠানে মর্যাদাপূর্ণ পদে কাজ করার পাশাপাশি আর্থিক স্থিতিশীলতার নিশ্চয়তাও থাকবে। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# ব্যাঙ্ক অফ বরোদায় চাকরির সুযোগ!

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ব্যাংক অফ বরোদা সম্প্রতি বিভিন্ন পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। মোট ৫৮টি শূন্যপদে নিয়োগ হবে। এর মধ্যে রয়েছে – চিফ ম্যানেজার-ইনভেস্টর রিলেশন (২টি পদ), ম্যানেজার-ট্রেড ফাইন্যান্স অপারেশন (১৪টি পদ), ম্যানেজার-ফরেক্স অ্যাকুইজিশন এন্ড রিলেশনশিপ (৩৭টি পদ) এবং সিনিয়র ম্যানেজার-ফরেক্স অ্যাকুইজিশন এন্ড রিলেশনশিপ (৫টি পদ)। চিফ ম্যানেজার পদে বয়সসীমা ৩০-৪০ বছর এবং অর্থনীতি বা বাণিজ্যে স্নাতক ডিগ্রি আবশ্যক। অন্যান্য পদগুলির জন্য বয়সসীমা ২৪ থেকে ৩৯ বছরের মধ্যে এবং স্নাতক ডিগ্রি সহ প্রাসঙ্গিক ক্ষেত্রে অভিজ্ঞতা থাকা জরুরি। কিছু পদে এমবিএ/পিজিডিএম বা ফরেক্স ও ট্রেড ফাইন্যান্স সংক্রান্ত বিশেষ সার্টিফিকেশন থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। বেতন গ্রেড অনুযায়ী ৬৪,৮২০ টাকা থেকে শুরু করে সর্বোচ্চ ১,০৫,৯৪০ টাকা পর্যন্ত হতে পারে। নির্বাচনের প্রক্রিয়ায় থাকবে অনলাইন পরীক্ষা, সাইকোমেট্রিক টেস্ট, গ্রুপ ডিসকাশন এবং ব্যক্তিগত সাক্ষাৎকার। অনলাইন আবেদন শুরু হয়েছে ১৯ সেপ্টেম্বর ২০২৫ থেকে এবং আবেদন ও ফি প্রদানের শেষ তারিখ ৯ অক্টোবর ২০২৫। আবেদন করতে হবে ব্যাংক অফ বরোদার অফিসিয়াল ওয়েবসাইট www.bankofbaroda.bank.in -এর মাধ্যমে। আবেদন ফি সাধারণ/ওবিসি/ইডব্লিউএস প্রার্থীদের জন্য ৮৫০ টাকা এবং এসসি/এসটি/পিডব্লিউডি/ট্রান্সজেন্ডার/মহিলা প্রার্থীদের জন্য ১৭৫ টাকা। নির্বাচিত প্রার্থীদের দেশের যেকোনো শাখায় পোস্টিং হতে পারে এবং তাদের ১ বছরের পরীক্ষাকাল সহ বাধ্যতামূলক ৩ বছরের সার্ভিস বন্ড সই করতে হবে। সার্ভিস বন্ড ভঙ্গ করলে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্য হবে। নিয়োগ সংক্রান্ত সমস্ত আপডেট পাওয়া যাবে অফিসিয়াল ওয়েবসাইটে। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# আইপিজিএমইআরে ডেটা এন্ট্রি অপারেটর ও প্রজেক্ট নার্স নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কলকাতার ইনস্টিটিউট অফ পোস্ট গ্রাজুয়েট মেডিকেল এডুকেশন অ্যান্ড রিসার্চ (IPGMER) সম্প্রতি ডেটা এন্ট্রি অপারেটর ও প্রজেক্ট নার্স পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। নিয়োটোলজি বিভাগে মোট ৩টি শূন্যপদ পূরণ করা হবে। এর মধ্যে ডেটা এন্ট্রি অপারেটর পদের জন্য প্রার্থীর যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি থাকা আবশ্যক। এর সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশন সার্টিফিকেট কোর্স এবং কোনো সরকারি প্রকল্পে ন্যূনতম দুই বছরের ডেটা এন্ট্রি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রজেক্ট নার্স পদের জন্য নার্সিং ও মিডওয়াইফ কোর্স সম্পূর্ণ করার পাশাপাশি নিওটোলজি বা পেডিয়াট্রিক বিভাগে কাজের অভিজ্ঞতা থাকা চাই। উভয় পদের জন্য সর্বোচ্চ বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। বেতন কাঠামো অনুসারে ডেটা এন্ট্রি অপারেটর মাসে ২৯,২০০ টাকা এবং প্রজেক্ট নার্স মাসে ২৪,০০০ টাকা বেতন পাবেন। নিয়োগটি সম্পূর্ণ চুক্তিভিত্তিক এবং মেয়াদ ছয় মাস। উল্লেখযোগ্যভাবে এই নিয়োগে কোনো লিখিত পরীক্ষা হবে না, প্রার্থীদের সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে বাছাই করা হবে। ইন্টারভিউ অনুষ্ঠিত হবে আগামী ১৪ অক্টোবর সকাল ১১টায় আইপিজিএমইআর কার্যালয়ে। প্রার্থীদের সঙ্গে নিয়ে যেতে হবে জন্মসনদ, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, সরকারি পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদ, রঙিন ছবি এবং পূর্ণাঙ্গ জীবনপঞ্জি। আবেদনের জন্য আগে থেকে কোনো ফর্ম পূরণ করতে হবে না, নির্দিষ্ট দিনে সরাসরি ইন্টারভিউ স্থলে উপস্থিত থাকলেই চলবে। ফলে যোগ্য প্রার্থীদের জন্য সরকারি মেডিকেল কলেজে চাকরির এক দারুণ সুযোগ তৈরি হয়েছে।


WBSSC
Ultimate Guide
Constable & SI
2 in 1 Suggestion
WBPSC
ক্লার্কশিপ
মেন গাইডেন্স
TARGET
গ্রাম পঞ্চায়েত
WBP Constable
Advance Mock Fighter
A.N.M
&
G.N.M
রেলওয়ে
Exam Destroyer
Railway
GROUP - D
Practice Set
KOLKATA POLICE
অঙ্গনওয়াড়ী
কর্মী ও সহায়িকা
Guide Book
কারেন্ট
অ্যাফেয়ার্স
OPERATION
SINDOOR


মাধ্যমিক সা...
Exam বাংলা PUBLICATION
Search for products
Home / WBBSE
মাধ্যমিক সাজেশন 2026
-51%
93%
মাধ্যমিক সাজেশন 2026 (7 টি বিষয়ের কম্বো) | Madhyamik
Add To Cart
Buy Now
Home
Track
Account
পুজোর উপহার হোক
মাধ্যমিক
সাকসেস প্লাস সিরিজ
Apply Coupon
DURGA
FREE DELIVERY
HAPPY
Durga
Puja
SPECIAL
DISCOUNT.
₹910
₹599
ONLY
03369028664